السيف المكشوف على من شتم الرسول ﷺ

মহানবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে
কটাক্ষ,কটুক্তি,গালিগালাজ বা ব্যঙ্গ প্রদর্শনকারী মালউনদের
ব্যাপারে শরীয়তের সুস্পষ্ট বিধান-

উন্মুক্ত তলোয়ার

রাগিব আল-আতহার

السيف المكشوف على من شتم الرسولﷺ

মহানবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কটাক্ষ,কটুক্তি,গালিগালাজ বা ব্যঙ্গ প্রদর্শনকারী মালউনদের ব্যাপারে শরীয়তের সুস্পষ্ট বিধান-

উন্মুক্ত তলোয়ার

•••

রাগিব আল-আতহার

পূর্ব কথা

الحمد لله رب العالمين، والصلاة والسلام على أشرف الأنبياء و المرسلين، نبينا محمدٍ عليه وعلى آله وصحبه أتم الصلاة و التسليم، أما بعد

আমরা সাক্ষ্য দিচ্ছি- আমাদের ইলাহ এক, তিনি ছাড়া সত্য কোন মাবুদ নাই। মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও মনোনিত রাসুল। তিনি আল্লাহর প্রেরিত সর্বশেষ রাসুল। তারপর আর কোন নবী বা রাসুল আসবে না।

হযরত মুহাম্মদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম শুধু সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানবই নন বরং তিনি সর্বযুগের সর্বশ্রেষ্ঠ নবী ও রসূল। মহান আল্লাহ তাআলার পর তাঁর মর্যাদার আসন। তাঁর আগমন এই বিশ্বের জন্য শান্তি ও রহমত। কোন মানুষ নিজের জান-মাল, পিতা-মাতা, স্ত্রী-সন্তান ও সকল মানুষের চেয়ে অধিক তাঁকে ভালবাসা ছাড়া মুমিন হতে পারে না।

আল্লাহ তায়ালা জানাচ্ছেন: “নবী [সল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম] মুমিনদের নিকট তাদের প্রাণ অপেক্ষাও অধিক প্রিয়। এবং তার স্ত্রীগণ তাদের মা তুল্য”। (সুরা আহযাব:৬)

প্রিয় নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম জানিয়েছেন: “তোমাদের কোন ব্যক্তি ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত না সে তার পিতা-মাতা, এবং সন্তান-সন্ততি ও সমস্ত মানুষ থেকে আমাকে বেশি মোহাব্বত করবে। (সহীহ বুখারী:১৫,সহীহ মুসলিম:১৭৭)

সুতরাং, মুমিন মাত্রই নিজের জান প্রাণ থেকেও রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বেশী ভালোবাসে। শুধু মুসলিম কেন অমুসলিমরা পর্যন্ত তাঁর আদর্শে মুগ্ধ। তাঁকে স্থান দিয়েছে সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানবের আসনে। তবে তাদের কথা ভিন্ন যাদের মস্তিষ্ক বিকৃত হয়ে গেছে, এবং সত্যকে গ্রহণ করার মত সৎ-সাহস হারিয়ে ফেলেছে। তাই কোন প্রকৃত ঈমানদার যখন শুনতে পায় যে, কোন নামধারি মুসলমান অথবা কোন কাফের প্রিয় নবী কে গালমন্দ করছে, অথবা কেউ তাকে কটাক্ষ বা ব্যঙ্গ করেছে, তখন তাঁর ঈমানি চেতনা জেগে উঠে এবং তার ধর্মীয় আত্মমর্যাদায় চরম আঘাত হানে। নবীর এই দুশমনের উপযুক্ত সাজার ব্যবস্থা না হওয়া পর্যন্ত সে স্বস্তি পায় না। আর স্বস্তি না পাওয়াই কাম্য। কারণ নবীর মর্যাদায় আঘাত হানার অর্থ মুসলমানদের ধর্মীয় অনুভূতিকে আক্রান্ত করা। একজন মুসলমান তার ধর্মীয় অনুভূতিকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়ে থাকে।এবং সব কিছুর উপর প্রাধান্য দিয়ে থাকে। তাই কোন মুমিনের জন্য এমন ধৃষ্টতাপূর্ণ আচরণ বরদাস্ত করা সম্ভবপর হয় না।

অপর দিকে বর্তমান সেকুলার রাষ্ট্রগুলোও এসকল কুলাঙ্গারদেরকে কোনপ্রকার শাস্তি প্রদান থেকে সম্পুর্ণ বিরত থাকে, যা মুমিন হৃদয়ে উদ্বেলিত অগ্নিশিখার প্রজ্জলনকে আরও বাড়িয়ে তুলে। সুতরাং যারা এমন জঘন্য কাজে (গালি,কটুক্তি/কটাক্ষ) লিপ্ত হবে, কুরআন- হাদীস ও ইজমার আলোকে- ইসলামী শরীয়তে তাদের কী শাস্তির বিধান রয়েছে তা আলোচনার দাবি রাখে। এই গুরুত্বপুর্ণ (যা বর্তমানে অবহেলিত) শরয়ী বিধান নিয়েই আমাদের কলম ধরা। পরিশেষে মহান রবের নিকট আমার আশা-আকাঙ্ক্ষা এই যে, তিনি যেন আমার এই ক্ষুদ্র মেহনতকে কুবল করে নেন এবং তার হাবীব সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর ভালোবাসা দিয়ে আমাদের অন্তরকে পুর্ণ করে দেন। আমীন।

সূচিপত্র

১ম অধ্যায়

১. রিদ্দাহ এর সংজ্ঞা ও পরিচয়।.....০৭

২. রিদ্দাহ এর প্রকারভেদ।.....০৯

৩. রিদ্দাতুল ই'তিকাদ।.....১০

৪. রিদ্দতুল আকওয়াল।..... ১১

৫. রিদ্দাতুল আফআল। ১৩

৬. মুরতাদ এর ব্যাপারে শরীয়াতের বিধান।.....১৩

৭. হাদীসে নববীতে মুরতাদের শাস্তি-প্রসঙ্গ।.....১৪

৮. সাহাবাগণ কর্তৃক মুরতাদ হত্যার নজির.....১৬

৯. মুরতাদের শাস্তি প্রসঙ্গে উম্মতের ইজমা.....১৮

১০.কটাক্ষ/কটুক্তি রিদ্দাহ এর জগন্যতম প্রকার.....২০

১১.ফুকাহায়ে কেরামের বক্তব্য.....২১

১২.রসূলুল্লাহ (সাঃ) কে ভালোবাসা
ঈমানের জন্য আবশ্যকীয় শর্ত।..... ২৩

২য় অধ্যায়

১৩.কটুক্তি/কটাক্ষ বলতে কি বুঝায়?..... ২৫
১৪.কটুক্তিকারীর ব্যপারে শরীয়তের বিধান।..... ২৬
১৫.পবিত্র কুরআনে শাতেমের শাস্তি-প্রসঙ্গ।..... ২৬
১৬.হাদীসে নববীতে শাতেমের শাস্তি-প্রসঙ্গ।..... ৩০
১৭.নববী যুগে শাতেম হত্যার আরও কিছু নজীর।..... ৩৯
১৮.শাতেমর শাস্তি প্রসঙ্গে উম্মতের ইজমা।..... ৪২
১৯.শাতেম হত্যা প্রসঙ্গে শরয়ী কিয়াস
থেকে দলিল।..... ৪৬

৩য় অধ্যায়

২০.মহানবী (সা.) কে কটাক্ষকারীর তওবা।..... ৪৭
২১.মালেকী ও হাম্বলী মাযহাব।..... ৪৭
২২.শাফেয়ী ও হানাফী মাযহাব।..... ৪৯
২৩.আল্লামা শামীর চূড়ান্ত বক্তব্য।..... ৫২

৪র্থ অধ্যায়

২৪.শাতেম যদি যিম্মি হয় তার বিধান।..... ৫৩
২৫.শাতেমকে নিজ উদ্যোগে হত্যা করার
বিধান।..... ৫৪
২৬.আমাদের শেষ বার্তা।..... ৫৭

৫ম অধ্যায়

২৭.নবীজি সম্পর্কে পবিত্র কুরআনের বক্তব্য.....৫৮
২৮.নবীজি সম্পর্কে অমুসলিম স্কলারদের বক্তব্য।..... ৬২
২৯.সিরাতে রাসূল [নবী জীবনের সংক্ষিপ্ত চিত্র].....৬৫
৩০.শামায়েলে রাসুল [নবী চরিত্রের সংক্ষিপ্ত বিবরণ]..... ৮২

প্রথম অধ্যায়

রিদ্দাহ এর সংজ্ঞা ও পরিচয়

মহান আল্লাহর মনোনীত একমাত্র দ্বীন হলো ইসলাম। মানুষের জন্য তিনি এই দ্বীন নির্দিষ্ট করে দিয়েছেন। এ-ছাড়া অন্য কোনো দ্বীন বা ধর্ম মানুষের কাছ থেকে তিনি গ্রহণ করবেন না।এবং উক্ত দ্বীন গ্রহনের পর তা থেকে ফিরে যাওয়া হলো সবচেয়ে জগন্যতম অপরাধ। এব্যাপারে আল্লাহ তায়ালা দুনিয়া,আখিরাত উভয় জগতেই কঠিন শাস্তি নির্ধারণ করে দিয়েছেন।

রিদ্দাহ এর আভিধানিক অর্থ

الردة এর শাব্দিক অর্থ হলো: الرجوع عن الشيئ অর্থাৎ কোন জিনিষ থেকে ফিরে আসা। এর থেকেই নেওয়া হয়েছে الردة عن الإ سلام তথা ইসলাম থেকে ফিরে আসা। (আল-জামহারাহ:১/৭২)

রিদ্দাহ এর পারিভাষিক সংজ্ঞা

১. হানাফি মাযহাবের ইমাম আল্লামা সমরকন্দি (রহ.) বলেন, রিদ্দাহ বলা হয়- ঈমান গ্রহনের পর তা থেকে প্রত্যাবর্তন করাকে। (তুহফাতুল ফুকাহা:৭/১৩৪)

২. মালেকী মাযহাবের ইমাম আল্লামা আলীশ (রহ.) বলেন: রিদ্দাহ হলো- কোন মুসলিম স্পষ্ট বক্তব্য দ্বারা কুফরি করা, অথবা এমন শব্দ দ্বারা যা কুফরের তাকাযা করে, অথবা এমন কাজ দ্বারা যা কুফরকে শামিল রাখে। (মানহুল জালিল: ৪/৪৬১)

৩. শাফেয়ী মাযহাবের ইমাম আল্লামা কালয়ুবী (রহ.) বলেন, রিদ্দাহ হলো- ইসলাম থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া। এটা হতে পারে কুফর করার দ্বারা, কোন কুফরি কথা বা কোন কুফরি কাজ দ্বারা। চাই সে এটা ঠাট্টা স্বরূপ বলুক, অথবা একঘেয়েমি-বশত বলুক, অথবা দৃঢ় বিশ্বাস থেকেই বলুক। (কালয়ুবী ও আমীরাহ: ৪১৭৪)

৪. হাম্বলি মাযহাবের ইমাম আল্লামা ইবনে কুদামা (রহ.) বলেন: মুরতাদ হলো ঐ ব্যক্তি, যে ইসলাম থেকে কুফরের দিকে ফিরে গিয়েছে।(আল মুগনী:৮/৫৪০)

বক্তব্যগুলোর মুল ইবারত নিম্নরূপ:

قد عرفها السمرقندي من الأحناف بقوله: الردة عبارة عن الرجوع عن الايمان. وعرفها عليش من المالكية بقوله: الردة كفر المسلم بقول صريح أو لفظ يقتضيه أو بفعل يتضمنه. وعرفها قليوبي الشافعي: هي قطع الإسلام بنية كفر أو قول كفر أو فعل كفر سواء قاله استهزاءً أو عناداً أو اعتقاداً. وعرفهاوعرف إبن قدامة الحنبلي: المرتد هو الراجع عن دين الإسلام ألى الكفر. وقال الدكتور نعمان عبد الرزاق السامرائي في كتابه بعد ذكر هذه الا قوال: والتعريف المختار هو ما عرفه قليوبي الشافعي، لأنه شمل الردة بانواعها من اعتقاد وقول وفعل، ولأنه أفصح عن الاستهزاء والعناد والاعتقاد. (أحكام المرتد: ٣٩)

মোট কথা: ঈমান বিনষ্টকারী যে কোনো কুফরী-শিরকী আকিদা বা বিশ্বাস পোষণ করা, অথবা এ জাতীয় কোনো কথা বা কাজে লিপ্ত হওয়ার নামই হল 'ইরতিদাদ' বা মুরতাদ হওয়া। আদালতে রিদ্দাহ প্রমাণিত হবার পর তার উপর মুরতাদের শাস্তি-বিধান জারী করা হবে।

রিদ্দাহ এর প্রকারভেদ

মৌলিক ভাবে "দ্বীন ত্যাগ" তিন ভাবেই হতে পারে। বিশ্বাস পোষন দ্বারা, উক্তির দ্বারা, এবং কর্মের দ্বারা। উক্ত বিবেচনায় রিদ্দাহ তিন প্রকার। (১)রিদ্দাতুল ই'তিকাদ-বিশ্বাস পোষন দ্বারা দীন ত্যাগ (২)রিদ্দাতুল আকওয়াল- উক্তি দ্বারা দীন ত্যাগ (৩)রিদ্দাতুল আফআল - কর্মের দ্বারা দীন ত্যাগ। নিচে প্রকারগুলোর কিছু উদাহরণ পেশ করা হলো:

• রিদ্দাতুল ই'তিকাদ

১. যদি কেও মহান আল্লাহর সাথে শিরক করে, অথবা তাকে অস্বিকার করে, কিংবা তার জন্য সাব্যস্ত কোন সিফাতকে বুঝেশুনে অস্বীকার করে, অথবা আল্লাহর জন্য এমন বিষয়কে সাব্যস্ত করে যা আল্লাহ অস্বিকার করেছেন (যেমন, তার জন্য সন্তান সাব্যস্ত করা।) অথবা এমন জিনিসকে অস্বীকার করে যা, আল্লাহ সাব্যস্ত করেছেন, (যেমন: পুনরুত্থান, জান্নাত, জাহান্নাম।) তাহলে উক্ত ব্যাক্তি কাফের হয়ে যাবে। এব্যপারে ফুকাহায়ে কেরাম একমত। [ইবনে আবেদিন:৪/২২৩, আল-মুগনী:৮/৫৬৫, আল-ইকানা:৪/২৯৭, আল ইনসাফ:১০/৩২৬]

২. কুরআন আল্লাহর কিতাব। এটা আমাদের নিকট সন্দেহাতীতভাবে ধারাবাহিক সূত্রে পৌছেছে। এতে কোন পরিবর্তন ঘটেনি। সুতরাং কেউ যদি পুর্ণ কুরআন অথবা তার কিছু অংশকে বিশ্বাস না করে, অস্বিকার করে, সে কাফের হয়ে যায়। [আল ইনসাফ:১০/৩২৬, আল ইকনা:৪/২৯৭, ফাতওয়ায়ে সুবকি: ২/৫৭৭]

৩. যে ব্যক্তি বিশ্বাস করে যে, মুহাম্মাদ (সা:) যা কিছু নিয়ে এসেছে তার কিছু কিছু মিথ্যা, অথবা সে সর্বসম্মত কোন হালালকে হারাম বলে বিশ্বাস পোষন করে, (যেমন, মদ্যপান, যিনা ইত্যাদি।) উক্ত ব্যাক্তি কাফের হয়ে যায়। [ইবনে আবেদিন:৪/২২৩, শরহুল আযহার লি-আবি মিফতাহ:৪/৫৭৫]

• রিদ্দতুল আকওয়াল

১. যে ব্যক্তি দীনের মুতাওয়াতির, অকাট্য, সুস্পষ্ট- ওয়াজিব, হারাম বা এজাতীয় অন্য কোন বিধান কে অস্বিকার করবে, সে কাফের হয়ে যাবে। [শরহুল আকায়েদ:৩৫৫, শরহে ফিকহুল আকবার:১৩৮, আশ-শিফা:২/১০৭৩,মাজমুউল ফাতাওয়া:১২/৪৯৭, রওযাতুত তালেবীন:২/১৪৬]

২. কেউ যদি আল্লাহ তায়ালাকে গালি দেয়, তাহলে সে জগন্যতম কাফের হয়ে যাবে। এব্যাপারে ফুকাহয়ে কেরামের বক্তব্য অভিন্ন। [মুসতাদরিকুল ওসায়েল:৩/৩৪৭]

(ক) কতিপয় ফুকাহায়ে কেরামের মত হলো, তাকে হত্যা করা হবে। চাই সে মুসলিম হোক কিংবা কাফের। [আল-ফুরু':২/১৬০, আসসাইফুল মাশহুর:পৃ.২]

(খ) হানাফী ওলামাদের বক্তব্য হলো আল্লাহকে গালিদাতা যদি তওবা করে, তার তওবা গৃহীত হবে। [ইবনে আবেদিন:৪/২৩২,আসসাইফুল মাশহুর:৪]

৩. কেও যদি মুহাম্মাদ (সাঃ) কে কটাক্ষ/কটুক্তি কিংবা গালিগালাজ করে, অথবা তার সম্মান খাটো করে, তাহলে উক্ত ব্যাক্তি গুরুতর কাফের হয়ে যাবে। এব্যাপারে উম্মাতের ইজমা সংগঠিত হয়েছে। [ইবনে আবেদিন:৪/২৩২, ২৩৩,২৩৪,২৩৫,২৩৭, ফাতওয়ায়ে সুবকি:২/৫৭৩, আস সারিমুল মাসলুল:৪, আসসাইফুল মসালুল:৪, আল মহাল্লা:১১/৫০০, মুসতাদরিকুল ওসায়েল:৩/২৪৩]

লক্ষণীয়: আকিদাগত রিদ্দাহ যখন মুখ দ্বারা প্রকাশ পাবে তখন এটা রিদ্দাতুল আকওয়াল এর অন্তর্ভুক্ত হবে। আর যদি সে তা অন্তরে গোপন করে রাখে, এবং নিজেকে মুসলিম হিসেবে প্রকাশ করে তাহলে সে মুনাফিক। তার বিষয়টি আল্লাহর হাতে ছেড়ে দেওয়া হবে, যতক্ষন না তার রিদ্দাহ সুস্পষ্ট ভাবে প্রমাণিত হয়।

• রিদ্দাতুল আফআল

১. কোন ব্যক্তি যদি এক আল্লাহ ব্যতীত অন্য কারও ইবাদাত বা উপাসনা করবে, চাই তা যে প্রকারেরই ইবাদাত হোক না কেন (যেমন, রুকু, সিজদাহ, মান্নত, দোয়া ইত্যাদি) সে কাফের হয়ে যাবে। [তাইসীরুল আযীযীল হামীদ:১৯৪, আদ-দুরারুন নাদ্বীদ ফি ইখলাসি কালিমাতিত তাওহিদ:২০-২১]

২. কেউ যদি আল্লাহর নাযিলকৃত কোন অকাট্য বিধানকে প্রত্যাখান করে, হালালকে হারাম বা হারাম কে হালাল করে, অথবা আল্লাহর নাযিলকৃত শরীয়াহকে রহিত করে নিজেরাই সংবিধান প্রণয়ন করে, সর্বসম্মতি ক্রমে সে কাফের। [আহ্কামুল কুরআন:৩/১৮১, তাফসীর ইবনে কাসীর: ৩/১৩১, আত-তামহীদ:৪/২২৬, মাজমূয়ুল ফাতওয়া:৩/২৬৭]

৩. ঈমান ও কুফরের মাঝে চলমান লড়াইয়ে কেউ যদি কাফেরদের পক্ষপাতীত্ব করে, তাদেরকে শক্তি ও সমর্থন যুগিয়ে সহায়তা করে- সর্বসম্মতিক্রমে সে কাফের হয়ে যাবে। [মাআ'রেফে মাদানী:অধ্যায়-কতলে মুসলমান, আল-ফাতাওয়াল কুবরা:৪/৩৩২, কালিমাতু হক্ব: পৃষ্ঠা:১২৬-১৩৭, আত-তিবইয়ান ফী হুকমি মান আ'য়ানাল আমরিকান: ১/৮৪]

বি দ্র: অনেকে রিদ্দাহ এর চতুর্থ আরেকটি প্রকার উল্লেখ করেছেন। তা হলো, রিদ্দাতুত তরক (কোন আমল বর্জন বা পরিত্যাগ করার দারা দীন ত্যাগ)

"যে ব্যাক্তি জেনে-শুনে শরীয়তে নির্ধারিত ঈবাদাত সমুহ, বিশেষ করে সলাত কে তার ফরযিয়াত অস্বীকার করার সাথে ছেড়ে দিবে, সে কাফির হয়ে যাবে। সে যদি এবিষয়ে অজ্ঞাত থাকে (যেমন নতুন ইসলাম গ্রহণ কারী) তাহলে তার উপর কুফরের হুকুম প্রয়োগ হবেনা। বরং তাকে জানিয়ে দেওয়া হবে, এবং তা ওয়াজিব হওয়ার দলিল পেশ করা হবে। এরপরও যদি সে তাতে অটল থাকে তাহলে কাফের এর বিধান প্রয়োগ হবে। [রিসালাতু বদরুর রশীদ,পৃ:৮, ইবনে আবেদীন:১/৩৫২, উমদাতুল কারী:২৪/৮১, আল মুগনী:৮/৫৪৭,আল-ইনসাফ:১/১০৪,]

এটাতো সুস্পষ্টই যে, কোন ইবাদাতকে অস্বিকারের সাথে বর্জন করার দারা কুফর আরুপিত হবে। কিন্তু সলাতের বিষয়টি একটু ব্যাতিক্রম। এক্ষেত্রে অনেক ওলামায়ে কেরামের অভিমত হলো "কেউ যদি অলসতাবশত ইচ্ছাকৃত সলাত বর্জন করে, তাহলে সে কাফের হয়ে যাবে, যদিও সে তার ফরজিয়ত কে অস্বিকার না করে।" আবার অনেকে এটাকে কুফরের হুকুম দেন না। বরং কবিরাহ গুনাহে শামিল করেন।এবং ইচ্ছাকৃত সলাত বর্জনকারীকে গুরুতর ফাসেক মনে করেন। হানিফী ওলামায়ে কেরামের রায় এটাই। এ বিষয়ে দীর্ঘ আলোচনা রয়েছে। উলামায়ে কেরামের পারস্পরিক ইখতেলাফও অনেক। তাই বিষয়টি এখানেই সমাপ্ত করলাম।

মুরতাদ এর ব্যাপারে শরীয়াতের বিধান

মুরতাদের ব্যাপারে শরীয়তের বিধান হলো মৃত্যুদণ্ড। তবে সে যদি তওবা করে, এবং দ্বীনে ফিরে আসে তাহলে তার তওবা গৃহীত হবে এবং মৃত্যুদণ্ড রহিত হয়ে যাবে। (আদালতে রিদ্দাহ প্রমানিত হলে) বিচারকের জন্য নিয়ম (মুস্তাহাব) হলো, মুরতাদকে প্রথমে তওবা করার সুযোগ দিবে, এবং তার কোন সংশয় থাকলে তা দূর করবে। অতপর সে তওবা করলে ভালো। অন্যথায় নির্ধারিত শাস্তি (মৃত্যুদন্ড) প্রয়োগ করবে।

হাদীসে নববীতে মুরতাদের শাস্তি-প্রসঙ্গ

"হাদিস" ইসলামী শরীয়তের স্বয়ংসম্পূর্ণ দলিল এবং কুরআনের তাফসীর। নিচে সহীহ হাদিসের আলোকে মুরতাদের শাস্তির বিষয়ে শরীয়তের নির্দেশনা তুলে ধরা হলো:

এক.

عن عكرمة قال : أتي علي رضي الله عنه بزنادقة فأحرقهم فبلغ ذلك ابن عباس فقال لو كنت أنا لم أحرقهم لنهي رسول الله صلى الله عليه و سلم لا تعذبوا بعذاب الله. ولقتلتهم لقول رسول الله صلى الله عليه و سلم من بدل دينه فاقتلوه

হযরত ইকরিমা থেকে বর্ণিত। তিনি বলেন, হযরত আলী (রাঃ) এর কাছে ধর্মত্যাগীদের উপস্থিত করা হল, তখন তিনি তাদের পুড়িয়ে ফেললেন। এ সংবাদ হযরত ইবনে আব্বাস (রাঃ) এর কাছে পৌঁছল, তখন তিনি বললেন, যদি আমি হতাম তাহলে আমি তাদের পুড়িয়ে ফেলতাম না। রাসূল (সাঃ) এর এ নিষেধাজ্ঞার কারণে যে, "তোমরা আল্লাহর শাস্তি দিয়ে শাস্তি দিওনা"। বরং আমি তাদের হত্যা করতাম। কারণ আল্লাহর নবী (সাঃ) বলেছেন-"যে ব্যক্তি ধর্ম পাল্টায় তাকে হত্যা কর"। [সহীহ বুখারী:৬৫২১, সহীহ ইবনে হিব্বান:৫৬০৬, সুনানে আবু দাউদ:৪৩৫৩]

দুই.

عن عبد الله قال : قال رسول الله صلى الله عليه وسلم : لا يحل دم امرء مسلم يشهد أن لا إله إلا الله، وأني رسول الله، إلا بإحدى ثلاث : النفس بالنفس، والثيب الزاني، والمفارق لدينه التارك للجماعة.

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যে মুসলমান সাক্ষ্য দেয়, আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই আর আমি আল্লাহর রাসূল–তিন কারণের কোনো একটি ব্যতীত তার রক্ত প্রবাহিত করা হালাল নয় : অন্যায়ভাবে কাউকে হত্যা করা, বিবাহিত ব্যক্তি যেনা করা, ইসলাম ত্যাগ করে উম্মত থেকে বিচ্ছিন্ন হওয়া। [সহীহ বুখারী: ৬৮৭৮, জামে তিরমিযী:১৪০২]

তিন.

قالت عائشة أما علمت أن رسول الله صلى الله عليه و سلم قال : لا يحل دم امرئ مسلم إلا رجل زنى بعد إحصانه أو كفر بعد إس لامه أو النفس بالنفس

হযরত আয়শা (রাঃ) বলেন, তুমি কি জান না যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, বিবাহিত জিনাকারী, অথবা মুসলমান হওয়ার পর কুফুরীকারী অথবা হত্যার কারণ ছাড়া কোন মুসলমানকে হত্যা করা জায়েজ নয়। [সুনানে নাসায়ী:৩৪৮০, মুসনাদুল বাজ্জার:৩১৫৩]

চার.

عن عائشة قالت : ارتدت أمرأة يوم أحد فأمر النبي صلى الله عليه و سلم أن تستتاب فإن تابت وإلا قتلت

হযরত আয়শা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, ওহুদ যুদ্ধে এক মহিলা মুরতাদ হয়ে যায়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, তাকে তওবা করানো হোক! আর যদি তওবা না করে তাহলে তাকে হত্যা করা হবে। [সুনানে দারা কুতনী:১২১, সুনানে বায়হাকী কুবরা:১৬৬৪৫]

পাচ.

عن جابر أن امرأة يقال لها أم مروان ارتدت عن : الإسلام فأمر النبي صلى الله عليه و سلم أن يعرض عليها الإسلام فإن رجعت وإلا قتلت

হযরত জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত, উম্মে মারওয়ান নামের এক মহিলা মুরতাদ হয়ে গেলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ করেন তার কাছে ইসলাম পেশ করতে, অতপর যদি সে ফিরে আসে তাহলে ভাল, নতুবা তাকে হত্যা করা হবে। [সুনানে বায়হাকী কুবরা:১৬৬৪৩, সুনানে দারা কুতনী:১২২]

সাহাবাগণ কর্তৃক মুরতাদ হত্যার নজির

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে গালাগাল বা মন্দ বললে লোকটি মুরতাদ হয়ে যায়। ইসলামী শরীয়তে মুরতাদের শাস্তি মৃত্যুদন্ড। সাহাবাগণ কর্তৃক কতিপয় মুরতাদ হত্যার নজীর ও আছার নিচে উদ্ধৃত করা হল-

এক.

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওফাতের পর ইয়ামেন ও নজদে মুরতাদ হওয়ার ফিতনা প্রবল আকার ধারণ করে। অনেক লোক মুসায়লামা কাজ্জাব ও সাজ্জাহের নবুওয়ত মেনে মুরতাদ হয়ে

যায়। হযরত আবু বকর সিদ্দীক (রাঃ) ইরতিদাদের এ ফিতনারোধে দৃঢ়তার সাথে দাঁড়ালেন। হযরত ইকরিমা বিন আবী জাহাল (রাঃ) কে সেখানে পাঠানোর সময় নসীহত করলেন যে, ومن لقيته من المرتدة إلى عمان واليمن حضرموت فنكل به তথা "আম্মান থেকে হাজরামাওত এবং ইয়ামান পর্যন্ত যত মুরতাদ পাবে সবক'টিকে হত্যা করবে"। [আল বিদায়া ওয়ান নিহায়া-৫/৩৬৩]

দুই.

عن سعيد بن عبد العزيز: أن أبا بكر قتل أم قرفة الفزارية في ردتها

হযরত সাঈদ বিন আব্দুল আজীজ থেকে বর্ণিত। হযরত আবু বকর সিদ্দীক (রাঃ) উম্মে কিরফাকে মুরতাদ হওয়ার অপরাধে হত্যা করেন। [সুনানে দারা কুতনী:১১০, সুনানে বায়হাকী কুবরা:১৬৬৪৯]

তিন.

كتب عمرو بن العاص إلى عمر يسأله عن رجل أسلم ثم كفر ثم أسلم ثم كفر حتى فعل ذلك مرارا أيقبل منه الإسلام فكتب إليه عمر أن اقبل منه الإسلام ما قبل الله منهم اعرض عليه الإسلام فإن قبل فاتركه وإلا فاضرب عنقه"

হযরত আমর বিন আস (রাঃ) ওমর (রাঃ) এর কাছে লিখে পাঠালেন যে, এক লোক ইসলাম গ্রহণ করে আবার কাফের হয়েছে, তারপর আবার ইসলাম গ্রহণ করেছে, তারপর আবার কাফের হয়েছে, এভাবে সে কয়েকবার করেছে, তার ইসলাম কি কবুল করা হবে? তখন হযরত ওমর (রাঃ) লিখলেন যে, যতক্ষণ আল্লাহ তাআলা তার ইসলাম গ্রহণ করেন, তুমিও তার ইসলামকে গ্রহণযোগ্য মানো, তুমি তার সামনে ইসলাম পেশ কর, যদি গ্রহণ করে তাহলে ছেড়ে দাও,

নতুবা হত্যা কর। [কানযুল উম্মাল:১৪৬৭]

চার.

أن عثمان بن عفان كان يقول: من كفر بعد إيمانه طائعا فإنه يقتل

হযরত উসমান (রাঃ) বলতেন, যে ব্যক্তি ঈমান আনার পর ইচ্ছেকৃত কুফরী করে, তাকে হত্যা করা হবে। [কানযুল উম্মাল, হাদীস নং-১৪৭০]

পাচ.

عن الشعبي عامر بن شراحيل: قال عليٌ رضيَ اللّٰه ُ عنهُ: يُستتابُ المرتدُ ثلاثًا فإن عاد قُتِل

হযরত আলী (রাঃ) বলেন, মুরতাদকে তাওবা করতে তিনবার বলা হবে, তওবা না করলে তাকে হত্যা করা হবে। [কানযুল উম্মাল:১৪৭৫, সুনানে বায়হাকী কুবরা: ৮/২০৭]

মুরতাদের শাস্তি প্রসঙ্গে উম্মতের ইজমা

মুরতাদের শাস্তি মৃত্যুদন্ড-এর উপর উম্মতের ইজমা রয়েছে। (কোনো দ্বীনী বিষয়ে যুগের মুজতাহিদ আলেমগনের মতৈক্য প্রতিষ্ঠিত হওয়াকে ইজমা বলে।এটি শরীয়তের তৃতীয় স্তরের দলিল) এখানে এবিষয়ে ইজমার কিছু দলিল তুলে ধরা হচ্ছে:

১. আল্লাম ইবনে আব্দিল বার রহ. (৪৬৩ হি.) বলেন:

إن من ارتد عن دينه حل دمه، وضربت عنقه، والأمة مجتمعة على ذلك

অর্থাৎ যে তার দ্বীন ত্যাগ করে তাকে হত্যা করা বৈধ হয়ে যাবে এবং তার শিরচ্ছেদ করা হবে। মুরতাদের এ শাস্তির বিষয়ে পুরো উম্মতের সুপ্রতিষ্ঠিত ইজমা তথা মতৈক্য রয়েছে। [আত-তামহীদ: ৫/৩০৬]

২. ইমাম ইবনে কুদামা হাম্বলী রহ. (৬২০ হি.) বলেন:

وأجمع أهل العلم على وجوب قتل المرتدين. وروي ذلك عن أبي بكر، وعثمان، وعلي، ومعاذ، وأبي موسى، وابن عباس، وخالد وغيرهم، ولم ينكر على ذلك. فكان إجماعا.

অর্থাৎ সব ধরনের মুরতাদের শাস্তি মৃত্যুদন্ড। এ বিষয়ে আলেমগণের ইজমা তথা মতৈক্য রয়েছে। হযরত আবু বকর, উসমান, আলী, মুআয, আবু মুসা, ইবনে আব্বাস এবং খালিদ ইবনে ওয়ালীদ প্রমুখ সাহাবী রাযিয়াল্লাহু আনহুম থেকে এ শাস্তির কথা বর্ণিত হয়েছে। আর এ শাস্তির উপর কোনো সাহাবী আপত্তি করেননি। অতএব মৃত্যুদন্ডের এ বিধানের উপর সাহাবায়ে কেরামেরও ইজমা প্রতিষ্ঠিত হয়ে গেছে। [আলমুগনী: ১২/২৬৪]

এ বিষয়ে আরও যারা ইজমা নকল করেছেন, তাদের কয়েকজন যথাক্রমে:

১. ইবনুল মুনযির (মৃত্যু ৩১৮ হি:)–আলইজমা পৃ. ১২২। ২. ইবনে হাযম যাহেরী (মৃত্যু ৪৫৬ হি:)–মারাতিবুল ইজমা পৃ. ২১০। ৩. ইবনে রুশদ আলহাফীদ মালেকী (মৃত্যু ৫৯৫ হি:)–বিদায়াতুল মুজতাহিদ

২/৩৪৩। ৪. ইবনে কুদামা মাকদিসী হাম্বলী (মৃত্যু ৬৮২ হি:)–আশশরহুল কাবীর ৫/৩৫৫। ৫. বুরহানুদ্দীন আলহানাফী (মৃত্যু ৬১৬ হি:)–আলমুহীতুল বুরহানী ৭/৪৪৩। ৬. ইবনে হাজার মক্কী হাইতামী শাফেয়ী (মৃত্যু ৯৭৪ হি:)–আলই'লাম বি কাওয়াতি-ইল ইসলাম পৃ. ৪০০। ৭. মুহাম্মাদ ইবনে ইসমাঈল আসসানআনী (মৃত্যু ১১৮২ হি:)–সুবুহুস সালাম ৩/৫৩৪। ৮. ইবনে আবেদীন শামী (মৃত্যু ১২৫২ হি:)–রাসায়েল ১/৩১৬। ৯. যফর আহমদ উসমানী (মৃত্যু ১৩৯৬ হি:)–ই'লাউস সুনান ১২ : ৫৯৯

মহানবী (সাঃ) কে গালিগালাজ বা কটাক্ষ করা রিদ্দাহ এর জগন্যতম প্রকার

এক মুনাফেক রসূলুল্লাহ (সাঃ) ও সাহাবায়ে কেরাম সম্পর্কে বিদ্রুপপূর্ণ কথা বলার পরিপ্রেক্ষিতে আল্লাহ তাআলা ইরশাদ করেন-

وَلَئِنْ سَأَلْتَهُمْ لَيَقُولُنّ إِنّمَا كُنّا نَخُوضُ وَنَلْعَبُ قُلْ أَبِاللّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنْتُمْ تَسْتَهْزِئُونَ لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُمْ بَعْدَ إِيمَانِكُمْ.

“আর যদি তুমি তাদের জিজ্ঞেস করো, (তাদের বিদ্রুপ পূর্ণ আচরণের বিষয়ে) তবে তারা বলবে, আমরা তো কথার কথা বলেছিলাম এবং কৌতুক করেছিলাম। আপনি বলুন, তোমরা কি আল্লাহর সাথে, তাঁর হুকুম আহকামের সাথে এবং তাঁর রসূলের সাথে ঠাট্টা করছিলে। ছলনা করনা, তোমরা কাফের হয়ে গেছ, ঈমান প্রকাশ করার পর।” [সূরা তাওবা: ৬৫-৬৬]

• উক্ত আয়াতের ব্যাখ্যায় আল্লামা আবু বকর-জাযায়িরী (রহ.) বলেন:

لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُمْ بَعْدَ إِيمَانِكُمْ. أي الذي تدعونه، لأن الإستهزاء بالله والرسول والكتاب كفر مخرج من الملة

অর্থাৎ তোমরা যেই (মিথ্যা) ঈমানের দাবি করতে তারপরও তোমরা কুফরি করেছো। কেননা আল্লাহ, আল্লাহর রাসুল ও আল্লাহর কিতাবের সাথে ঠাট্টা-বিদ্রুপ করা কুফর, যা ধর্ম থেকে বাহির করে দেয়। {আয়সারুত তাফাসির}

• আল্লামা ইবনে তাইমিয়া (রহ.) বলেন:

وهذا نص في أن الإستهزأ بالله وآياته وبرسوله كفر فالسب المقصود بطريق الأولى

আয়াতটি সুস্পষ্ট যে, আল্লাহ, আল্লাহর আয়াত ও তার রাসুলকে নিয়ে ঠাট্টা করা কুফর। সুতরং গালি বা কটুক্তি আরও আগে কুফর। {আছ ছারিমুল মাসলূল: ৩৩}

ফুকাহায়ে কেরামের বক্তব্য

(১) আল্লামা ইসহাক ইবনে রাহওয়াইহ রহ. (২৩৮হি.) বলেন:

أجمع المسلمون أن من سب الله عز وجل أو سب رسوله صلى الله عليه وسلم أو دفع شيئا مما أنزل الله تعالى أو قتل نبيا من أنبياء الله تعالى أنه كافر بذلك وإن كان مقرا بكل ما أنزل الله

মুসলিমদের সর্বসম্মত মত হলো, যে ব্যক্তি আল্লাহ অথবা তাঁর রাসূলকে কটূক্তি করে বা আল্লাহর অবতীর্ণ কোনো বিধানকে

প্রত্যাখ্যান করে অথবা কোনো নবীকে হত্যা করে, তা হলে সে কাফের; যদিও সে আল্লাহর অবতীর্ণ অন্য সকল বিধানকে স্বীকার করে। {ইবনে আবদিল বার- আল ইসতিযকার:২/১৫০}

(২) আল্লামা ইবনে হুমাম রহ. (৬৮১হি.) বলেন:

كل من أبغض رسول الله بقلبه كان مرتدا، فالسب بطريق أولى وإن سب سكران أن لا يعفى عنه

যে ব্যক্তি আল্লাহর রসূলুল্লাহ (সাঃ)কে অপছন্দ/বিরাগ পোষন করবে সে মুরতাদ হয়ে যাবে। সুতরাং কেউ যদি তাকে গালি দেয় সে তো আরও কঠিন ভাবে মুরতাদ। আর যদি নেশাগ্রস্ত অবস্থায় গালি দেয় তাকেও ক্ষমা করা হবে না। {ফাতহুল কাদীর: ৪/৪০৭}

(৩) আল্লামা আনওয়ার শাহ কাশ্মিরী (১৩৫২হি.) রহ. ইকফারুল মুলহিদিন গ্রন্থে লিখেছেন:

أيما رجل مسلم سب رسول الله ﷺ ، أو كذبه، أو عابه، أو تنقصه فقد كفر بالله تعالى، وبانت منه امرأته."كتاب الخراج". أجمع المسلمون على أن شاتمه كافر، ومن شك في عذابه وكفره كفر. " الشفاء "، وغيره

“যে কোন মুসলমান, রসূলুল্লাহ (সাঃ) কে গালি দেয়, অথবা তাকে অস্বিকার বা তার নিন্দা করে, কিংবা তার মর্যাদা খাটো করে সে কাফের {কিতাবুল খারাজ} “সমস্ত মুসলিম -ফুকাহাগণ- ঐক্যমত পোষণ করেছেন যে, নবী (সাঃ) এর কটুক্তিকারী কাফের। যে তার শাস্তি ও কুফরির ব্যপারে সন্দেহ পোষণ করবে সেও কাফের। {আশ-শিফা}

রসূলুল্লাহ (সাঃ) কে ভালোবাসা ঈমানের জন্য আবশ্যকীয় শর্ত

একজন মুসলমানের কাছে রাসূল সাঃ নিজের প্রাণের চেয়ে, নিজের সন্তানের চেয়ে, নিজের মা-বাবার চেয়ে এবং তার যাবতীয় সম্পদ থেকে প্রিয়। যদি কোন ব্যক্তির এমন মোহাব্বত না থাকে, তাহলে লোকটি মুমিনই নয়। রসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-

عن أنس قال قال النبي صلى الله عليه و سلم : لا يؤمن أحدكم حتى أكون أحب إليه من والده وولده والناس أجمعين

হযরত আনাস (রাঃ) বলেন, রাসূল (সাঃ) ইরশাদ করেছেন, তোমাদের কোন ব্যক্তি ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত না সে তার পিতা-মাতা, এবং তার সন্তান ও সমস্ত মানুষ থেকে আমাকে বেশি মোহাব্বত করবে। [সহীহ বুখারী:১৫, সহীহ মুসলিম:১৭৭]

আল্লাহর রাসুল (সাঃ) কে ভালোবাসা ঈমানের প্রাণ। এবং এটা আল্লাহকে ভালোবাসার সাথে সম্পৃক্ত। যে ব্যক্তি রাসুল (সাঃ) এর ভালোবাসার উপর অন্য কোন ব্যক্তি কিংবা বস্তুর ভালোবাসাকে প্রাধান্য দিবে তার ব্যাপারে আল্লাহ তায়ালার ঘোষনা:

قُلْ إِن كَانَ ءَابَآؤُكُمْ وَأَبْنَآؤُكُمْ وَإِخْوَٰنُكُمْ وَأَزْوَٰجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَٰلٌ ٱقْتَرَفْتُمُوهَا وَتِجَٰرَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَٰكِنُ تَرْضَوْنَهَآ أَحَبَّ إِلَيْكُم مِّنَ ٱللَّهِ وَرَسُولِهِۦ وَجِهَادٍ فِى سَبِيلِهِۦ فَتَرَبَّصُوا۟ حَتَّىٰ يَأْتِىَ ٱللَّهُ بِأَمْرِهِۦ ۗ وَٱللَّهُ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلْفَٰسِقِينَ

বল, ‘তোমাদের পিতা, পুত্র, ভ্রাতা, স্ত্রী ও আত্মীয়গণ, অর্জিত ধনরাশি এবং সেই ব্যবসা-বাণিজ্য তোমরা যার অচল হওয়ার ভয় কর এবং প্রিয় বাসস্থানসমূহ যদি তোমাদের নিকট আল্লাহ, তাঁর রসূল ও আল্লাহর রাস্তায় জিহাদ অপেক্ষা অধিকতর প্রিয় হয়, তাহলে আল্লাহর আদেশ (আযাব) আসা পর্যন্ত অপেক্ষা কর। বস্তুতঃ আল্লাহ সত্য ত্যাগি সম্প্রদায়কে সৎপথ প্রদর্শন করেন না।’ [সূরা তওবাহ:২৪]

• সুতরাং ততক্ষণ পর্যন্ত কেউ পূর্ণাঙ্গ মুমিন হতে পারেনা, যতক্ষন না অন্য সব কিছু অপেক্ষা আল্লাহর রাসুলের ভালোবাসা তার অন্তরে অধিক বদ্ধমূল হয়ে যায়। সহীহ বুখারীতে বর্ণিত হয়েছে,

عن عَبْد اللهِ بْنَ هِشَامٍ، قَالَ كُنّا مَعَ النّبِيّ صلى الله عليه وسلم وَهْوَ آخِذٌ بِيَدِ عُمَرَ بْنِ الخَطّابِ فَقَالَ لَهُ عُمَرُ يَا رَسُولَ اللهِ لأَ نْتَ أَحَبُّ إِلَىّ مِنْ كُلّ شَىْءٍ إِلا ّ مِنْ نَفْسِي . فَقَالَ النّبِيُّ صلى الله عليه وسلم " لا َ وَالّذِي نَفْسِي بِيَدِهِ حَتّى أَكُونَ أَحَبّ إِلَيْكَ مِنْ نَفْسِكَ، فَقَالَ لَهُ عُمَرُ فَإِنّهُ الآنَ وَاللهِ لأَ نْتَ أَحَبُّ إِلَىّ مِنْ نَفْسِي . فَقَالَ النّبِيُّ صلى الله عليه وسلم " الآنَ يَا عُمَرُ " .

আবদুল্লাহ ইব্নু হিশাম (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা একবার নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম এর সঙ্গে ছিলাম। তিনি তখন ‘উমার ইবনুল খাত্তাব (রাঃ) এর হাত ধরেছিলেন। ‘উমার (রাঃ) তাঁকে বললেন, হে আল্লাহ্র রসূল! আমার জান ছাড়া আপনি আমার কাছে অন্য সব কিছু চেয়ে অধিক প্রিয়। তখন নবীজি (সাঃ) বললেন, না, ঐ সত্তার কসম, যাঁর হাতে আমার প্রাণ! যতক্ষন না আমি তোমার কাছে তোমার প্রাণের চেয়েও প্রিয় হই। তখন উমার (রাঃ) বললেন, আল্লাহ্র শপথ! এখন আপনি আমার কাছে আমার

প্রাণের চেয়েও বেশি প্রিয়। নবীজি (সাঃ) বললেন, হে উমর! এখন (তুমি সত্যিকার ইমানদার হলে)। [সহিহ বুখারী:৬৬৩২]

২য় অধ্যায়

কটুক্তি/কটাক্ষ বলতে কি বুঝায়

শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া (রাহ.) 'আছ ছারিমুল মাছলুল আলা শাতেমির রসূল' কিতাবে নবীজী (সা.)এর শানে কটাক্ষের বিবরণ ও মাত্রা সম্পর্কে কাজী ইয়ায থেকে নকল করেন, তিনি বলেন, কটাক্ষ বলতে বুঝায়: মহানবী (সা.)কে গাল মন্দ করা, তাঁর দোষ চর্চা করা, ব্যঙ্গ চিত্র করা, তাঁকে নিয়ে হাসি-ঠাট্টা করা, তাঁর মহান আদর্শময় জীবনের কোন দিক নিয়ে বিদ্রুপ করা, তাঁর বংশ নিয়ে সমালোচনা করা। তাঁকে হেয় প্রতিপন্ন করার নিমিত্তে তাঁর আনিত ধর্ম নিয়ে উপহাস করা, তাঁর প্রতি লানত ও বদ দুআ করা, তাঁর অমঙ্গল কামনা করা, তাঁর সাথে বেআদবি করা, তাঁর শানে অশালীন কথা-বার্তা বলা ইত্যাদি সবই কটাক্ষ হিসেবে বিবেচিত।

কটুক্তিকারীর ব্যপারে শরীয়তের বিধান

কুরআন, হাদীস, সীরাত ও ঐতিহাসিক গ্রন্থাদি এবং মুজতাহিদ ইমামদের ইজমা বা সর্বসম্মত মতানুসারে এ কথা প্রমানিত যে, রাসূল সাঃ কে গালমন্দকারী, কুৎসাকারী এবং মুরতাদের শাস্তি হল মৃত্যুদন্ড। হানাফী, মালেকী, শাফেয়ী ও হাম্বলী চারও মাযহাবের সম্মিলিত সিদ্ধান্ত এটাই। সুতরাং, যদি কোন নামধারি মুসলমান প্রিয় নবী সাঃ কে গালিগালাজ,কটাক্ষ,কটুক্তি বা বিদ্রুপ করে, তাহলে সে উম্মাহর ঐক্যমতে কাফের ও মুরতাদ হয়ে যাবে। যে ব্যক্তি তার কাফের হওয়ার ব্যাপারে সন্দেহ করবে সেও কাফের হয়ে যাবে, তার স্ত্রী তালাক হয়ে যাবে। গালিদাতা চাই মুরতাদ হোক কিংবা আসলী কাফের হোক, তার একমাত্র সাজা মৃত্যুদন্ড। মৃত্যুদন্ড কার্যকর করা মুসলিম শাসকের উপর কর্তব্য।

পবিত্র কুরআনে শাতেমের শাস্তি-প্রসঙ্গ

১. আল্লাহ তায়ালা বলেন:

وَإِن نَّكَثُوٓاْ أَيۡمَٰنَهُم مِّنۢ بَعۡدِ عَهۡدِهِمۡ وَطَعَنُواْ فِي دِينِكُمۡ فَقَٰتِلُوٓاْ أَئِمَّةَ ٱلۡكُفۡرِ إِنَّهُمۡ لَآ أَيۡمَٰنَ لَهُمۡ لَعَلَّهُمۡ يَنتَهُونَ

আর তারা যদি তাদের চুক্তির পর তাদের প্রতিশ্রুতি ভঙ্গ করে ও তোমাদের দ্বীন সম্পর্কে কটুক্তি করে, তাহলে কুফ্ফার লিডারদের বিরুদ্ধে যুদ্ধ কর। এরা এমন লোক যাদের কোনই চুক্তি নেই। সম্ভবতঃ তারা বিরত হবে। [সূরা তওবাহ:১২]

• উক্ত আয়াতের ব্যাখ্যায় ইমাম কুরতুবী রহ. (৬৫৬হি:) বলেন,

استدل بعض العلماء بهذه الآية على وجوب قتل كل من طعن في الدين إذ هو كافر... وقال ابن المنذر : أجـمـع عــامــة أهـل الـعـلـم على أن مـن سـب الـنـبي صلى الله عليه وسلم ، عـلـيـه القتل

এই আয়াত দারা কতিপয় আলেমগণ দলিল পেশ করেছেন, যে ব্যাক্তিই দীনের ব্যাপারে কটুক্তি করবে তাকে হত্যা করা ওয়াজিব, কেননা সে কাফের হয়ে গেছে। ইবনুল মুনযির বলেছেন: যে ব্যক্তি মহানবী (সাঃ)কে গালি দিবে তার শাস্তি মৃত্যুদন্ড। এ সিদ্ধান্তের উপর সকল ওলামায়ে কেরাম একমত পোষণ করেছেন। {তাফসিরে কুরতুবী}

• আল্লামা ইবনে কাসীর রহ. (৭৭৪হি:) বলেন,

وَمِنْ هَاهُنَا أُخِذَ قَتْلُ مَنْ سَبّ الرّسُولَ صَلَوَاتُ اللهِ وَسَلَامُهُ عَلَيْهِ، أَوْ مَنْ طَعَنَ فِي دِينِ الْإِسْلَامِ أَوْ ذَكَرَهُ بِتَنَقّصٍ؛

যে ব্যক্তি রসূলুল্লাহ (সাঃ) কে গালি দেবে বা দ্বীনে ইসলাম নিয়ে কটুক্তি করবে কিংবা তাঁর মর্যাদা খাটো করে উল্লেখ করবে– তাকে হত্যা করার দলিল এই আয়াত থেকে গৃহীত। {তাফসিরে ইবনে কাসীর}

• আল্লামা জালালুদ্দীন সুয়ুতী রহ. (৯১১হি:) বলেন,

قالَ السُّيُوطِيُّ (في الإكْلِيلِ): اسْتَدَلَّ بِهَذِهِ الآيَةِ مَن قالَ إنَّ الذِّمِّيَّ يُقْتَلُ إذا طَعَنَ في الإسْلامِ أوِ القُرْآنِ أوْ ذَكَرَ النَّبِيَّ ﷺ بِسُوءٍ، سَواءٌ شَرَطَ انْتِقاضَ العَهْدِ بِهِ أمْ لا،

একদল ওলামায়ে কেরাম এই আয়াতের দ্বারা দলিল দিয়ে বলেন- যদি কোন যিম্মি ব্যাক্তিও ইসলাম বা কুরআনের বিরুদ্ধে খারাপ মন্তব্য করে, অথবা রাসূল (সাঃ) এর ব্যাপারে মন্দ কথা বলে ঐ ব্যক্তিকে হত্যা করা হবে। {মাহাসিনুত তায়ীল}

• আল্লামা ইবনে তাইমিয়্যাহ (রহঃ) বলেন:

وأما من طعن في الدين فإنه يتعين قتاله، وهذه كانت سنة رسول الله صلى الله عليه وسلم، فإنه كان يهدر دماء من آذى الله ورسوله، وطعن في الدين، وإن أمسك عن غيره .

যে ব্যাক্তি দ্বীন নিয়ে কটুক্তি করবে তাকে কতল করা আবশ্যক হয়ে যাবে। আর এটাই রাসুলুল্লাহ (সাঃ) এর সুন্নাহ। কেননা তিনি ঐ ব্যাক্তির রক্তকে মূল্যহীন সাব্যস্ত করেছেন, যে আল্লাহ এবং তার রাসুল কে কষ্ট দিয়েছে এবং দ্বীন নিয়ে কটুক্তি করেছে। যদিও তিনি (মক্কা বিজয়ের দিন) অন্যদের হত্যা করা থেকে বিরত থেকেছেন। {আছছারিমুল মাসলুল}

২. আল্লাহ তাআলা ইরশাদ করেন-

إِنَّ الَّذِينَ يُؤْذُونَ اللَّهَ وَرَسُولَهُ لَعَنَهُمُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأَعَدَّ لَهُمْ عَذَابًا مُهِينًا.

যারা আল্লাহ ও তাঁর রসূলকে কষ্ট দেয়, আল্লাহ তাদের প্রতি ইহকালে ও পরকালে অভিসম্পাত করেন এবং তাদের জন্য প্রস্তুত রেখেছেন অবমাননাকর শাস্তি। [সূরা আহযাব: ৫৭]

• উক্ত আয়াতের ব্যাখ্যায় আল্লামা নাসির আস সাদী (রহ) বলেন:

هذا يشمل كل أذية قولية أو فعلية، من سب وشتم أو تنقص له

أو لدينه أو ما يعود إليه بالأذى لَعَنَهُم اللهُ فِي الدّنْيَا أي: أبعدهم وطردهم، و لعنهم (في الدنيا) أنه يحتم قتل من شتم الرسول وآذاه

আয়াতটি কথা ও কর্মের- উভয় প্রকার কষ্টকেই অন্তরভুক্ত করে। যেমন, গালি দেওয়া,ভর্ৎসনা করা অথবা রাসুল (সাঃ) বা তাঁর দ্বীনের মর্যাদা খাটো করা কিংবা প্রত্যেক এমন বিষয়(কথা বা কাজ) যা তাকে কষ্ট দেয়। আল্লাহ তাদেরকে দুনিয়াতে অভিসম্পাত করেছেন। আর 'দুনিয়াতে অভিসম্পাত' এর অর্থ হলো–যে রসূলুল্লাহ (সাঃ) কে গালি ও কষ্ট দিবে তাকে বাধ্যতামুলক ভাবে হত্যা করা হবে। {তাফসিরে সা'দী}

• আল্লামা কাজী ইয়াজ (রহ:) বলেন:

قال القاضي أبو الفضل رضي الله عنه: قد تقدم من الكتاب و السنة وإجماع الأمة ما يجب من الحقوق للنبي صلى الله عليه وسلم، وما يتعين له من بر وتوقير، وتعظيم وإكرام، وبحسب هذا حرم الله تعالى أذاه في كتابه، وأجمعت الأمة على قتل متنقصه من المسلمين وسابه، قال الله تعالى: (إن الذين يؤذون الله ورسوله لعنهم الله في الدنيا والآخرة وأعد لهم عذابا مهينا)

• আল্লামা কাজী ইয়াজ রহঃ বলেন, কুরআন হাদীস ও ইজমায়ে উম্মত দ্বারা রাসূল সাঃ এর শানে কি কি হক রয়েছে তা প্রমানিত। এবং তাকে কতটুকু সম্মান-ইজ্জত দিতে হবে তাও সুনির্দিষ্ট। এ হিসেবে আল্লাহ পাক কুরআনে কারীমে রাসূল সাঃ কে কষ্ট দেয়া হারাম করেছেন। আর উম্মত একথার উপর ইজমা তথা ঐক্যমত্বে পৌঁছেছেন যে, মুসলমানদের মাঝে যে তাঁর কুৎসা বলবে, কিংবা গালি দিবে তাকে হত্যা করা হবে। (অতপর তিনি আয়াতটি উল্লেখ করেন। {আশ শিফা: ২/২১১}

• আল্লামা ইবনে আবেদীন শামী (রহ) বলেন: আয়াতটির ভাষ্য থেকে সুস্পষ্ট যে, রসূল (সাঃ)কে কষ্টদাতার জন্য কঠোর শাস্তি ও জাহান্নাম অবধারিত। আর সাধারণ থেকে সাধারণ কটাক্ষও এ আয়াতের অন্তর্ভুক্ত। {রসায়েলে ইবনে আবেদীন: ১/৩১৬}

নোট: আয়াতটিতে এটা প্রতীয়মান হয় যে, রাসূল (সাঃ) কে কটাক্ষ বা বিদ্রুপকারীর শাস্তি-বিধান আল্লাহ তায়ালা নিজেই নির্ধারিত করে দিয়েছেন। আর রাসূল (সাঃ) মৃত্যুদন্ডের মাধ্যমে সেই বিধানের ব্যাখ্যা করে দিয়েছেন।

হাদীসে নববীতে শাতেমের শাস্তি-প্রসঙ্গ

১. ইমাম তবারানী রহঃ আলী ইবনে আবি তালিব রাদিঃ থেকে বর্ণনা করছেন:

قال رسول اللهﷺ من سب نبيا قتل ومن سب أصحابي جُلد.
وفي رواية: من سب نبيا فاقتلوه ومن سب أصحابي فجلدوه

রসূলুল্লাহ (সাঃ) বলেছেন, যে ব্যক্তি কোন নবীকে গালি দিবে তাকে হত্যা করো! এবং যে আমার সাথীদেরক গালী দিবে তাকে বেত্রাঘাত করো! [তবরানী-আল মু'জামুস সগীর:১/৩৯৩; কাযী ইয়ায, আশ-শিফা:২/২২০, জামেউল আহাদীস:২২৩৬৬, আহকামু আহলিয যিম্মাহ:৩/১৪৫৪,১৪৫৫]

শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়্যাহ (রহঃ) বলেন, فهو دليل أنه على يدل وظاهره الأنبياء، من نبياً سب من قتل وجوب على له حـد القتل وأن استتابة، غير من يقتل

যে ব্যক্তি আল্লাহর কোন নবীকে গালি দিবে তাকে হত্যা করা

আবশ্যক হওয়ার ব্যাপারে এই হাদিসটি দলিল। আয়াতের বাহ্যিক অর্থই প্রমাণকরে যে, শাতেমকে তওবার সূযোগ না দিয়েই হত্যা করতে হবে। {আছ-ছারিমুল মাসলুল}

তবে শাইখুল ইসলাম রাহিমাহুল্লাহ বলেন, এ হাদীসের একজন বর্ণনাকারী হলো আব্দুল আযিয ইবনে হাসান ইবনে যাবালাহ, তিনি হাদীস বর্ণনায় দুর্বল।

২. ইমাম বুখারী রহঃ জাবির রাদিঃ এর সূত্রে বর্ণনা করেছেন:

عن جابر رضي الله عنه: قَالَ رَسُولُ اللهِ ﷺ

مَنْ لِكعْبِ بْنِ الأ َشْرَفِ فَإِنّهُ قَدْ آذَى اللّهَ وَرَسُولَهُ ، فَقَالَ مُحَمّدُ بْنُ مَسْلَمَةَ : يَا رَسُولَ اللهِ أَتُحِبُّ أَنْ أَقْتُلَهُ؟ قَالَ نَعَمْ...... فأتاه فقتله

রসূলুল্লাহ (সাঃ) একবার বললেন, ‘কে আছ যে কা’ব ইব্‌নু আশরাফ-এর (হত্যার) দায়িত্ব নিবে? কেননা সে আল্লাহ্ তা’আলা ও তাঁর রাসূল (সাঃ) কে কষ্ট দিয়েছে। মুহাম্মাদ ইব্‌নু মাসলামাহ (রাঃ) বললেন ইয়া রাসুলুল্লাহ! আপনি কি চান যে আমি তাকে হত্যা করি? তিনি বললেন ‘হ্যাঁ। (বর্ণনাকারী বলেন) অতপর মুহাম্মাদ ইব্‌নু মাসলামাহ (রাঃ) কা’ব ইব্‌নু আশরাফের নিকট গেলেন এবং তাকে হত্যা করেন। [সহিহ বুখারী: ৩০৩১, মুসলিম:১৮০১]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহঃ) বলেন, উক্ত হাদীসটি সহীহ বুখারী ও মুসলিমে বর্ণিত হয়েছে। কা'ব ইবনে আশরাফ নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিন্দা করত। ফলে নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে হত্যা করার আহ্বান জানান।

(হত্যার পরের দিন) কা'বের জনবল নবীজির কাছে এসে বলল,

“আমাদের সরদার কা'বকে গুপ্তহত্যা করা হয়েছে! নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: إنه قر لو كما قر غيره ممن هو لى يفعل ولم بالشعر وهجانا الأذى منا نال ولكنه مااغتيل رأيه مثل السيف له كان إلا منكم أحد هذا

“অন্যদের মতো সেও যদি সংযত থাকত তা হলে সে ক্ষতির মুখোমুখি হত না। আমরা তার থেকে কষ্ট পেয়েছি, সে আমাদের নামে নিন্দা-কাব্য রচনা করেছে। তোমাদের কেউ যদি এমন জঘন্য কর্মকাণ্ডে লিপ্ত হয় তাহলে তরবারিই তার ফয়সালা করবে।” অতপর ইহুদিরা ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে। কাব ইবনুল আশরাফের হত্যার পর থেক তারা পুরোপুরি সাবধান হয়ে যায়। {আছ- ছারিমুল মাসলুল}

এই হাদিসটি সুস্পষ্ট ভাবেই বলে দিচ্ছে যে, রসূলুল্লাহ (সাঃ) কে কটাক্ষ বা গালিগালাজ করার একমাত্র শাস্তি হলো মৃত্যুদণ্ড। কেননা রাসুল (সাঃ) নিজে এই বিধান বাস্তবায়ন করেছেন এবং ভবিষ্যতে যারা এই কাজ করবে তাদের জন্যও মৃত্যুদন্ডের ফয়সালাা শুনিয়ে দিয়েছন। “ইমাম ইবনে তাইমিয়্যাহ (রহ.) বলেন, ইমাম শাফী (রহ.) এই হাদিস দিয়েই দলিল পেশ করে বলেন- কোন যিম্মিও যদি রাসুল (সাঃ) কে গালি দেয় তাকে হত্যা করা হবে এবং তার নিরাপত্তা বাতিল হয়ে যাবে। {আছ-ছারিমুল মাসলুল}

৩. ইমাম বুখারী রহঃ বারা ইবনে আযেব রাদিঃ এর সূত্রে বর্ণনা করেছেন,

بعث رسول اللهﷺ إلى أبي رافع اليهودي رجالا من الأنصار فأمر عليهم عبد الله بن عتيك وكان أبو رافع يؤذي رسول الله صلى الله عليه و سلم ويعين عليه الخ قال فأضربه ضربة أثخنته ولم أقتله ثم وضعت ظبة السيف في بطنه حتى أخذ في ظهره فعرفت أني قتلته

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা আব্দুল্লাহ বিন আতিক রাদিঃ কে আমীর বানিয়ে আবু রাফে ইহুদীকে হত্যা করতে পাঠালেন। আবু রাফে রসূলুল্লাহ (সাঃ) কে কষ্ট দিত এবং অন্যদের কষ্ট দিতে সাহায্য করত। আব্দুল্লাহ বিন আতিক বলেন, আমি তাকে প্রচন্ড আঘাত করলাম, কিন্তু হত্যা করতে পারিনি। তারপর তরবারীর ধারালো ডগা তার পেটে ঢুকিয়ে দিলাম এমনকি তা তার পিঠ ফুরে বেরিয়ে যায়। তখন আমি বুঝলাম যে, আমি তাকে হত্যা করতে সক্ষম হয়েছি। [সহীহ বুখারী: ৩৮১৩]

এ হাদীস দ্বারা বুঝা যায় যে, কতিপয় লোক একাজে নিয়োগ রাখা দরকার। যারা রাসূল (সাঃ) কে যারাই গালাগাল করবে, অশ্লিল মন্তব্য করে তাকে কষ্ট দিবে, তাদেরকে হত্যা করবে।

• আল্লামা ইবনে হাজার আসক্বালানী রহঃ বলেন,

قال الحافظ في «الفتح» في شرح قصة ابن أبي الحُقيق: وفي هذا الحديث من الفوائد: جواز اغتيال المشرك الذي بلغته الدعوة وأصر، وقتل من أعان على رسول الله ﷺ بيده أو ماله أو لسانه

এই হাদিসে কিছু ফাওয়ায়েদ হলো–যেই মুশরিকের কাছে দাওয়াত পৌঁছার পরও শিরকে অনড়, তাকে হত্যা করা বৈধ হওয়া। এবং যে রসূলুল্লাহ (সাঃ) এর বিরুদ্ধে হাত, সম্পদ বা জবান দ্বারা শত্রুকে সমর্থন-সাহায্য করবে তাকে হত্যা করা বৈধ হওয়া। {ফাতহুল বারী:৭/৩৪৫}

৪. ইমাম নাসাঈ রাহঃ আনাস রাদিঃ এর সূত্রে বর্ণনা করেছেন,

أن النبي ﷺ دخل مكة وعليه المغفر فقيل ابن خطل متعلق

بأستار الكعبة فقال اقتلوه.

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মক্কা বিজয়ের দিন) মক্কাতে প্রবেশ করেন, তখন তাঁর মাথায় শিরস্ত্রাণ ছিলো। তাঁকে সংবাদ দেয়া হলো যে, ইবনে খতল (মৃত্যুর ভয়ে) কাবার গিলাফ জড়িয়ে আছে। তিনি নির্দেশ দিলেন, তোমরা তাকে হত্যা কর। [সুনানে নাসাঈ: ২৮৬৭, তিরমিজি:১৬৯৩]

ইবনে খতল প্রথমে মুসলিমই ছিল। নবীজি (সাঃ) তাকে যাকাত উত্তোলনের জন্য নিয়োগ করেন। সঙ্গে আরেকজনকে নিয়োগ দেন তার সহযোগিতার জন্য। কিন্তু সঙ্গীটি তার জন্য খাবার প্রস্তুত না করায় সে ক্ষেপে গিয়ে তাকে হত্যা করে ফেলে। অতপর সে মৃত্যুর ভয়ে মুরতাদ হয়ে সাদাকার মাল নিয়ে পালিয়ে যায়। সে নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর শানে কটূক্তিমূলক কবিতা রচনা করতো, সাথে তার দুই দাসীকেও আদেশ করত, তারা যেন সূর করে সেই কবিতাগুলো গায়। {ওয়াকিদি–আল-মাগাযি:২/৮০৯} ফলে তার রক্ত হালাল হওয়ার একই সাথে তিনটি কারণ একত্রিত হয়: ১.মুসলিম হত্যা করা ২.রিদ্দাহ বা ধর্মত্যাগ ৩.নবীজিকে কটুক্তি করা। ইমাম ইবনে তাইমিয়্যাহ ও আল্লামা সুবকি (রহ.) বলেন, তাকে হত্যা করা হয়েছে কটুক্তিমুলক কবিতার কারণে। কেননা যদি কেসাস স্বরুপ হত্যা করা হতো তাহলে তাকে নিহত ব্যক্তির অভিভাবকদের নিকট সোপর্দ করা হাতো, যদি রিদ্দাহ এর কারণে হত্যা করা হতো তাহলে তাকে তওবার সূযোগ দেওয়া হতো, কিন্তু দুটির একটিও করেনি, সুতরাং হত্যার কারণ হিসেবে বাকি থাকলো- গালি বা কটুক্তি। {আছ-ছারিমুল মাসলুল, আস-সাইফুল মাসলুল}

ইবনে খতালকে কেন কাবার গিলাফ ধরা অবস্থায়ও রাসূল (সাঃ)

হত্যা করার নির্দেশ দিলেন? আল্লামা ইবনে হাজার আসকালানী (রহ:)ও বুখারীর ব্যাখ্যাগ্রন্থ ফাতহুল বারীতে বিস্তারিত ঘটনা উল্লেখ করে বলেন, এর কারণ হলো লোকটি রাসূল সাঃ কে গালমন্দ করত। {ফাতহুল বারী-২/২৪৮}

৫. ইমাম আবু দাউদ রহঃ হযরত আলী রাদিঃ এর সূত্রে বর্ণনা করেছেন-

أن يهودية كانت تشتم النبي ﷺ وتقع فيه، فخنقها رجل حتى ماتت، فأبطل رسول اللهﷺ دمها.

এক ইয়াহুদী নারী নবী করীম (সাঃ)কে গাল-মন্দ করতো এবং তাঁর সমালোচনা করতো। একদিন এক ব্যক্তি তাকে শ্বাসরুদ্ধ করে হত্যা করে। তখন রাসূল (সাঃ) তার রক্তমূল্য বাতিল ঘোষণা করেন। [সুনানে আবু দাউদ:৪৩৬৪, সুনানে বায়হাকী কুবরা:১৩১৫৪]

হাদিসটি বর্ণনা করেছেন ইমাম আবু দাউদ ও ইবনে বাত্তাহ রহিমাহুমাল্লাহু। ইমাম আহমদ (রহ) এই হাদিসটিকে দলিল হিসেবে গ্রহন করেছেন। [খাল্লাল, আল-জামি:২/৩৪১]

• শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহ:) বলেন,

وهذا الحديث نص في جواز قتلها لأجل شتم النبي ﷺ ، ودليل على قتل الرجل الذمي وقتل المسلم والمسلمة إذا سبا بطريق الأولى؛ لأن هذه المرأة كـانـت مـوادعـة مـهـادنـة؛

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গালমন্দ করার কারণে অভিশপ্ত ইয়াহুদি নারীটিকে হত্যা করার ব্যাপারে হাদীসটি একেবারেই দ্যর্থহীন। আর এই হাদীসটি আরও স্পষ্টভাবে ওই সকল যিম্মি ও মুসলিম নারী-পুরুষের রক্ত হালাল হওয়ার দলিল, যারা নবী (সাঃ) কে গালমন্দ করে। {আছ-ছারীমুল মাসলুল}

• আল্লামা তকিউদ্দিন সুবকি (রহ:) বলেন,

“সুতরাং, রাসুল (সাঃ) কর্তৃক মহিলার রক্তকে বৃথা সাব্যস্ত করা এবিষয়ে মজবুত দলিল যে, ‘গালি’ তার হত্যাকে আবশ্যক করেছে। এবং রাবী কর্তৃক إبطال কে شتم এর পরে فاء হরফ যুগে উল্লেখ করা এবিষয়ে দলিল যে, রক্তকে বৃথা সাব্যস্ত করার কারণ হলো গালি দেওয়া। আর রাসুল (সাঃ) কর্তৃক شتم উল্লেখ করার পরপরই রক্ত মুল্যহীন হয়ে যাওয়ার হুকুম দেওয়াও প্রমাণ করে যে, (তাকে হত্যা করার) মুল কারণ হলো গালি। {আস সাইফুল মাসলুল: ৩৩৫}

৬. ইবনে আব্বাস রাদিঃ সূত্রে বর্ণনা করেছেন,

عن عكرمة مولى ابن عباس أن رجلا أعمى كانت له ام ولد تشتم النبي ﷺ ، فقتلها ، فسأله عنها، فقال: يارسول الله إنها كانت تشمك، فقال رسول الله ﷺ :ألا إن دم فلانة هَدَرٌ.

এক অন্ধ লোকের একটি উম্মে ওয়ালাদ দাসী ছিল। সে নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে গালমন্দ করত। ফলে অন্ধ লোকটি দাসী টিকে হত্যা করে ফেলল। রাসূল (সাঃ) তার সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেন, হে আল্লাহর রাসূল! এই দাসী আপনাকে গালমন্দ করতো। ফলে নবী (সাঃ) বললেন, শুনে রাখ! তার রক্ত বৃথা গেলো। [সুনানে আবু দাউদ:৪৩৬৩, সুনানে দারা কুতনী: ১০৩]

• আল্লামা খাত্তাবি রাহিমাহুল্লাহ বলেন,

وفيه بيان أن ساب النبي مقتول وذلك أن السب منها لرسول الله ارتداد عن الدين

এ হাদীস থেকে স্পষ্ট বুঝা যায় যে, আল্লাহর নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর গালমন্দকারীকে হত্যা করা হবে। কারণ, গালমন্দ

বা অমার্জিত ভাষা ব্যবহার করা মানে মুরতাদ হয়ে যাওয়া বা ইসলাম ত্যাগ করা।{খাত্তাবি, মাআালিমুস সুনান:৩/২৯৬}

• আল্লামা ইবনে হাজার আসকালানী (রহ:) বলেন, অন্ধ সাহাবীর এ হাদীসটি প্রমাণ করে যে, নবীজী (সাঃ) কে মন্দ মন্তব্যকারীকে হত্যা করে দেয়া হবে। আর মুসলমান হলে সে মুরতাদ হয়ে যায়। এবং তার থেকে তওবা করার আবেদন করার দরকার নেই। {বুলুগুল মারাম ফি আহাদীসিল আহকাম-১৩৩}

ইমাম খাত্তাবি ও ইবনু হাজার রাহিমাহুমাল্লাহ-দের কথা এ দিকে ইঙ্গিত করে যে, উনারা কটূক্তিকারী নারীটিকে মুসলিম ছিল বলে মনে করেন। আর পূর্বের হাদিস ইহুদি মহিলা সংক্রান্ত। সুতরাং এটি ভিন্ন ঘটনা। আবার হতে পারে এই ঘটনাটা হবহু আগের ঘটনাই। যেমনটা ইমাম ইবনে তাইমিয়্যাহ (রহ.) প্রমাণ করেছেন। সেক্ষেত্রে এই ঘটনার বাদীও ইহুদিই হবে।

৭. ইমাম আবু দাউদ রহঃ আবু বারযাহ আসালমি রাদিঃ এর সূত্রে বর্ণনা করেছেন,

أن رجلا أغلظ لأبي بكر الصديق، فقال له أبو برزة دعني أضرب عنقه، فقال ما كان ذلك لأحد بعد رسول اللهﷺ

এক লোক আবু বকর সিদ্দীক রাদিঃ এর উপর রাগ দেখালো, তখন আবু বারযাহ রাদিঃ বললেন, আমাকে অনুমতি দিন তার গর্দান উড়িয়ে দেই! তিনি বললেন, রাসুলুল্লাহ সাঃ এর পরে এই মর্যাদা অন্য কারও নাই। [সুনানে আবু দাউদ:৪/২৫৮:৪৩৬৫, আল-মহল্লা লিইবনে হাযম: ১১/৪০৯]

• শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহঃ বলেন, অনেক ওলামায়ে কেরাম শাতেমে রাসুলকে হত্যা করার ব্যাপারে এই হাদিস দ্বারা

দলিল পেশ করেছেন। তাদের মধ্যে রয়েছেন- আবু দাউদ, ইসমাইল ইবনে ইসহাক আল-কাযী, আবু বকর আব্দুল আযীয, কাযী আবু ইয়া'লা সহ প্রমুখ ওলামায়ে কেরাম। {আস সারিমুল মাসলুল}

অতপর তিনি বলেন,

وهذا الحديث يفيد أن سبه في الجملة يبيح القتل، ويستدل بعمومه على قتل الكافر والمسلم

এই হাদীসটি থেকে বোঝা গেল, যে ব্যক্তি নবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কটূক্তি করবে তাকে হত্যা করা বৈধ। হাদীসটি কাফের -মুসলিম উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য। {আছ ছারিমুল মাসলুল}

• আল্লামা তকিউদ্দিন সুবকী রহঃ বলেন: আবু বকর রাদিঃ এর এই বক্তব্যটি প্রমাণ করে যে, রাসুল সাঃ এর অধিকার রয়েছে ঐ ব্যক্তিকে হত্যা করার, যে তার উপর রাগ বা ক্রোধ প্রকাশ করে। তবে অন্য কারো ক্ষেত্রে এই অধিকার নাই। আর এটা নিশ্চিত যে, তার (সাঃ) ব্যাপারে গালমন্দ করা- তাকে রাগান্বিত করে। {আস সাইফুল মাসলুল:১২৩}

৮. আব্দুর রাযযাক রহিমাহুল্লাহ ইবনে আব্বাস রাদিঃ এর সূত্রে বর্ণনা করেছেন,

عن عبدالله بن عباس أنّ رجلًا منَ المشركينَ شتمَ النّبيّ ﷺ فقال النّبيُ ﷺ من يَكفيني عدوّي فقال الزُبيرُ بنُ العوّام أنا يا رسولَ اللهِ فبارزهُ فقتلَه فأعطاهُ النّبيُ ﷺ سلبَه

এক মুশরিক রাসূসুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে গালি দিলো। নবী আলাইহিস সালাম বললেন, আমার পক্ষ থেকে আমার দুশমনের (হত্যার) জিম্মাদারি কে নিবে? তখন জুবাইয় ইবনুল

আওয়াম দাঁড়িয়ে বললেন আমি প্রস্তুত আছি ইয়া রাসুলুল্লাহ! অতপর তিনি (জুবায়ের) তাকে (মুশরিককে) হত্যা করলেন।ফলে নবীজি মুশরিকের সলব (সাথে থাকা সরঞ্জামাদি তাকে দিয়ে দিলেন [মুসান্নাফে আব্দুর রাযযাক: ৫/২৩৮, হিলইয়াতুল আওলিয়া:৮/৪৫]

আরেকটি রেওয়ায়েতে এসেছে:

وروي أن رجلا ً كان شب النبي ﷺ فقال: من يكفيني عدوي؟ فقال خالد أنا. فبعثة النبي ﷺ إليه فقتله

এক লোক রসূসুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি কে গালি দিলে তিনি বললেন, আমার পক্ষ থেকে আমার দুশমনের (হত্যার) জিম্মাদারি কে নিবে? খালিদ (রাদি:) দড়িয়ে বললেন, আমি প্রস্তুত আছি। রাসুল (সাঃ) তাকে পাঠালেন, অতপর খালিদ রাদিঃ তাকে হত্যা করেন। [মুসান্নাফে আব্দুর রাযযাক:৫/৩০৮]

গুস্তাখে রাসুলকে হত্যা করা আবশ্যক হওয়ার ব্যাপারে হাদিস দুটি সম্পূর্ণ দ্যর্থহীন। আল্লামা সুবকি (রহ:) বলেন, هذان الحديثان يدلان على أن السب موجب للقتل এই হাদিস দুটি প্রমাণ করে, রাসুল সাঃ কে গালি দেওয়া বা নিন্দা করা হত্যাকে আবশ্যক করে। {আসসাইফুল মাসলুল:৩৫৮}

নববী যুগে শাতেম হত্যার আরও কিছু নজীর

১– আল্লামা তকিউদ্দিন সুবকী (রহ:) বলেন, সাহাবায়ে কেরাম যখনই কাউকে শুনতেন যে, সে নবী (সাঃ) কে গালি দেয়, তাকে হত্যা করে ফেলতেন, যদিও সে আত্নীয় হতো। এবং রাসুল (সাঃ)ও তা সমর্থন

করতেন, অস্বীকার করতেন না। বরং এতে সন্তুষ্ট হতেন। এবং অনেক সময় তাকে (رسوله و الله ناصر) 'আল্লাহ ও তার রাসুলকে সাহায্যকারী' উপাধি দিয়েছেন। {আসসাইফুল মসালুল: ৩৫৯}

২– আবু ইসহাক আল-ফারাযী মালেক ইবনে উমায়ের (রাদি.) থেকে বর্ণনা করেন, এক লোক রাসুল (সা:) এর কাছে এসে বললেন, আমি মুশরিদকরে মাঝে আমার পিতাকে দেখতে পেলাম। অতপর তার থেকে আপনার ব্যাপারে মন্দ কথা শুনলাম। ফলে আমি অধৈর্য হয়ে তাকে হত্যা করে ফেলেছি। (فما شق ذلك عليه) এই সংবাদ রাসুল (সাঃ) এর কাছে ভারী মনে হলোনা। {আসসাইফুল মাসলুল:৩৫৯}

৩– মক্কা বিজয়ের দিন হুয়াইরিস বিন নাকীজ নামের এক কুলাঙ্গার যে রসূসুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিকে কষ্ট দিত, তাকেও হত্যা করার নির্দেশ দেয়া হয়। ফলে আলী (রাঃ) তাকে হত্যা করেন। {আল বিদায়া ওয়ান নিহায়া-৪/২৯৮, আসাহহুস সিয়ার-২৬৪}

৪– মদীনায় আবু ইফক নামে এক কুলাঙ্গার ছিল। তার কাজই ছিলো রাসূল সাঃ সম্পর্কে কুৎসামূলক কবিতা রচনা করা। বদর যুদ্ধের পর সে নবীজী (সাঃ) কে আরও হিংসা করতে লাগলো। এবং নবীজী (সাঃ) ও মুসলমানদের নিন্দা করে কবিতা আবৃত্তি করলো। তখন রাসূল (সাঃ) তাকে হত্যা করার নির্দেশ দিলে সালেম আমের (রা:) নামে একজন সাহাবী তাকে হত্যা করেন। {সীরাতে ইবনে হিশাম-৪/২৮৫}

৫– বনী উমাইয়্যার এক কবি মহিলা ছিল। যার নাম আসমা বিনতে মারওয়ান। সে আবু ইফকের হত্যা দেখে ইসলামকে ঠাট্টা করে কবিতা রচনা করে। তখন রাসূল সাঃ তাকে হত্যার নির্দেশ দিলে উমায়ের বিন আদল আল খাতামী রাঃ তার ঘরে গিয়ে তাকে হত্যা

করে আসেন। এ সংবাদ রাসূল সাঃ কে জানালে রাসূল সাঃ খুশি হয়ে বলেন- হে উমায়ের! তুমি আল্লাহ ও তার রাসূলকে সাহায্য করেছো। {সীরাতে ইবনে হিশাম-৪/২৮৬}

৬– গুরফা বিন হারেস আল কিন্দী নামের একজন সাহাবী ছিলেন। তিনি এমন ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করছিলেন। যার সাথে এ চুক্তি ছিল যে, তার জান-মালের হিফাজতের দায়িত্ব ইসলামী রাষ্ট্রপ্রধানের। বিনিময়ে সে ইসলামী রাষ্ট্রে কোষাগারে কর জমা দিত। ইসলামের পরিভাষায় যাকে জিম্মি বলা হয়। হযরত গুরফা বিন হারেস আল কিন্দী জিম্মি লোকটিকে ইসলামের দাওয়াত দিলেন। লোকটি জবাবে রাসূল সাঃ কে গালি দিল। হযরত গুরফা রেগে লোকটিকে সেখানেই হত্যা করে ফেলেন।

এ সংবাদ হযরত আমর বিন আস রাঃ এর কাছে পৌঁছলে তিনি গুরফাকে বললেন, এ লোকের সাথেতো আমাদের অঙ্গিকার আছে। সে হিসেবে সে তো নিরাপত্তা পাওয়ার যোগ্য। তুমি তাকে হত্যা করলে কেন?

গুরফা জবাব দিলেন- “তার সাথে আমাদের অঙ্গিকার একথার উপর নয় যে, সে আল্লাহ ও রাসূল সাঃ কে গালাগাল দিবে আর আমরা তার হিফাজত করবো”। {হায়াতুস সাহাবা-২/৩৫১, উর্দু এডিশন}

শাতেমর শাস্তি প্রসঙ্গে উম্মতের ইজমা

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে গালিগালাজ বা কটাক্ষকারী চাই মুরতাদ হোক অথবা আসলী কাফের হোক, তার একমাত্র বিধান হলো মৃত্যুদন্ড। এ ব্যাপারে প্রায় প্রথম যুগ থেকেই বহু ইমাম ইজমা (সকল উম্মতের ঐক্যমত) নকল করেছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য বক্তব্যগুলো তুলে ধরা হলো:

১. আল্লামা মুহাম্মদ ইবনে সুহনূন রহ. (২৬৫হি:) বলেন:

أجمع الأمة أن شاتم النبي صلى الله عليه وسلم والمنتقص له كافر والوعيد جاء عليه بعذاب الله له، وحكمه عند الأمة القتل ومن شك في كفره وعذابه كفر.

সমস্ত উম্মত এব্যাপারে একমত যে, মহানবী (সাঃ)কে গাল-মন্দকারী ও তাঁকে কটাক্ষকারী কাফের। তার ব্যাপারে আল্লাহ তা'আলার পক্ষ থেকে কঠিন শাস্তির হুশিয়ারি উচ্চারণ করা হয়েছে। মুসলিম উম্মাহর নিকট তার বিধান হলো মৃত্যুদন্ড। এবং যে তার কাফের হওয়া ও শাস্তির উপযুক্ত হওয়ার ব্যাপারে সন্দেহ করবে, সেও কাফের হয়ে যাবে। {আশ-শিফা: ২/২১৫, রাসায়েলে ইবনে আবেদীন: ১/৩১৬}

২. আল্লামা আবু বকর ইবনুল মুনযির রহ. (৩১৯হি:) বলেন:

أجمع عوام أهل العلم على أن من سب النبي صلى الله عليه وسلم عليه القتل.

যে ব্যক্তি মহানবী (সা.)কে গালি দিবে তার শাস্তি মৃত্যুদন্ড। এ সিদ্ধান্তের উপর সকল ওলামায়ে কেরাম একমত পোষণ করেছেন। {আল-ইজমা:৭৬, আল-ইকনা:২/৫৮৪}

৩. ইমাম আবু সুলাইমান খাত্তাবী রহ. (৩৮৮হি:) বলেন:

وقال ابو سليمان الخطابى ”لا اعلم احدا من المسلمين اختلف فى وجوب قتله اذا كان مسلما

খাত্তাবী (রহ:) বলেন, আমি এমন কোন মুসলমানের ব্যাপারে জানিনা যে, গুস্তাখে রাসুলের হত্যার আবশ্যকতার ব্যাপারে সে মতবিরোধ করেছে। {মাআলিমুস সুনান:৬/১৯৯, রাসায়েলে ইবনে আবেদীন-১/৩১৬}

৪. আল্লামা কাজী ইয়াজ রহ. (৫৪৪হি:) বলেন:

وأجمعت الأمة على قتل متنقصه من المسلمين وسابه، قال الله تعالى: (إن الذين يؤذون الله ورسوله لعنهم الله في الدنيا والآخرة وأعد لهم عذابا مهينا)

উম্মত একথার উপর ঐক্যমত্বে পৌঁছেছেন যে, মুসলমানদের মাঝে যে তাঁর কুৎসা বলবে, কিংবা গালি দিবে তাকে হত্যা করা হবে। {আশ শিফা:২/২১১,সুবুলুল হুদা ওয়ার রাশাদ:১২/২১}

৫. শায়খুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়্যাহ রহ. (৭২৮হি:) বলেন:

قال شيخ الإسلام ابن تيمية : من سب النبي صلى الله عليه وسلم من مسلم أو كافر فإنه يجب قتله، هذا مذهب عليه عامة أهل العلم

যে ব্যক্তি মহানবী (সা.)কে গালি দিবে, চাই সে মুসলিম হোক কিংবা কাফের, তাকে হত্যা করা ওয়াজিব।এব্যাপারে সকল আহলে ইলমগণ একমত। {আছ ছারিমুল মাছলুল:১৩}

৬. আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (১২৫২হি:) বলেন:

والحاصل أنه لا شك ولا شبهة في كفر شاتم النبي (ص) وفي استباحة قتله، وهو المنقول عن الأئمة الأربعة، وإنما الخلاف في - قبول توبته إذا أسلم. فعندنا - وهو المشهور عند الشافعية القبول

মোদ্দা কথা হলো নবী (সাঃ) এর কটুক্তিকারীর কুফর ও তার রক্ত হালাল হওয়ার ব্যাপারে বিন্দু পরিমাণও সন্দেহ নাই। আর এটি চারও মাযহাবের ইমামদের থেকে বর্ণিত হয়েছে। {রদ্দুল মুহতার: ৩/৩২১}

৭. আল্লামা আনওয়ার শাহ কাশ্মীরী রহ. (১৩৫২হি:) বলেন,

أجمع عوام أهل العلم على أن من سب النبي صلى الله عليه وسلم يقتل. وحكى الطبري مثله عن أبي حنيفة وأصحابه فيمن تنقصه أو برئ منه أو كذبه

সকল ওলামায়ে কেরাম ঐকমত্য পোষণ করেছেন যে, যে ব্যক্তি মহানবী (সাঃ)কে গালি দিবে তাকে হত্যা করা হবে। {ইকফারুল মুলহিদীন:৬৪}

উল্লিখিত ভাষ্য সমুহ থেকে প্রতীয়মান হলো যে, রসূলুল্লাহ (সাঃ) কে গালিগালাজ ও কটাক্ষ কারীদের শাস্তি কেবলই মৃত্যুদন্ড। তাদের রক্ত বৈধ হওয়ার ব্যাপারে কারো কোন দ্বিমত নেই।

আল্লামা ইবনে আবেদীন শামী (রাহ.) তার রসায়েলের মধ্যে ইজমার আলোচনা করে বলেন-

ولا عبرة بما أشار إليه ابن حزم الظاهري من الخلاف في تكفير المستخف به، فإنه شيئ لا يعرف لأحد من العلماء، و من استقرأ سير الصحابة تحقق إجماعهم على ذلك فإنه نقل عنهم في قضايا

مختلفة منتشرة يستفيض نقلها ولم ينكره أحد.

আল্লামা ইবনে হাযম (রহঃ) বিদ্রুপকারী কাফের হওয়ার ব্যাপারে মতানৈক্যের যে দাবি করেন, তা গ্রহণযোগ্য নয়, কারণ এমন দাবি অন্য কোন আলেম থেকে পাওয়া যায় না। (আর কাফের হওয়ার বিষয়টি এতস্পষ্ট যে,) কেউ সাহাবায়ে কেরামের জীবনী পাঠ করলে,এ ব্যাপারে ঐক্যমতের বিষয়টি জানতে পারবে। কারণ এটি তাদের পর থেকে বিভিন্ন বিচারের রায়ে ব্যাপকভাবে বর্ণিত রয়েছে, যা কেউ অস্বীকার করেনি। {রসায়েলে ইবনে আবেদীন}

এবিষয়ে উম্মতের ইজমা প্রসঙ্গে বিস্তারিত দেখুন- আস-সাইফুল মাসুলুল:প্রথম অধ্যায়। আছ ছারিমুল মাছলুল:প্রথম মাসয়ালা। রসায়েলে ইবনে আবেদিন: ১/৩৪২-৪৭।

মোটকথা, রসূলুল্লাহ (সাঃ) এর সমালোচনা বা কটাক্ষকারীর শাস্তি মৃত্যুদন্ড এটি নতুন কোন দাবি নয় বা মুসলমানদের উদ্ভাবিতও নয়, বরং তার মৃত্যুদন্ডের সাজা মহান আল্লাহ কর্তৃক এবং সর্বজন স্বীকৃত, যা পূর্ব যুগ থেকে চলে আসছে। আর বলা বাহুল্য যে, কোন একজনকে এমন শাস্তি দিলে পরবর্তীতে অন্য কেউ এরূপ ধৃষ্টতা দেখানোর সাহস পাবে না। অন্যথায় এ ধরনের সমালোচনাকারীরা পশ্রয় পেয়ে বারবার দুঃসাহস দেখানোর চেষ্টা করবে। তাই অন্যায়কে আশ্রয় না দিয়ে নির্মূল করাই অপরিহার্য কর্তব্য।

শাতেমকে হত্যা করা প্রসঙ্গে শরয়ী কিয়াস থেকে দলিল

আল্লামা তকিউদ্দিন সুবকী রহ. (৭৫৬হি:) কুরআন, সুন্নাহ ও ইজমার আলোকে গুস্তাখে রাসূলকে হত্যা করার বিস্তারিত দলিল পেশ করার পর, সংক্ষিপ্ত আকারে কিয়াস হিসেবেও দলিল পেশ করেছেন। তার বক্তব্য টি নিচে তুলে ধরা হলো: "নিশ্চয় মুরতাদকে হত্যা করা ওয়াজিব, এটা ইজমা ও সুস্পষ্ট নুসুস দারা প্রমানিত। তন্মধ্যে একটি হলো রাসুলুল্লাহ (সাঃ) এর বাণী: من بدل دينه فاقتلوه যে নিজ দীনকে পরিবর্তন করবে তথা ইসলাম থেকে বের হয়ে যাবে তোমরা তাকে হত্যা করো। [সহীহ বুখারী:৩০১৭,৬৯২২] আর কটুক্তিকারী সন্দেহাতিত ভাবেই নিজ দ্বীনকে পরিবর্তনকারী। সুতরাং আবশ্যকীয় ভাবে কটুক্তিকারীকে রাসুল (সাঃ) এর হাদিস (من بدل دينه فاقتلوه) এর হুকুমের অন্তরভুক্ত করা হবে। ফলে এটি নস দ্বারা প্রমাণিত হবে। এবং আরও আবশ্যক হলো গালি কে রিদ্দাহ এর উপর কিয়াস করা হবে। কেননা রাসুল (সাঃ) কে গালি দেওয়া বা কটুক্তি করা তা থেকে অধিক জঘন্য ও গুরুতর অপরাধ। [আস-সাইফুল মাসলুল: প্রথম অধ্যায়, দিতীয় পরিচ্ছেদ}

